

## ■■ দল, সংগঠন, ইমারত ও বায়'আত সম্পর্কে বিশিষ্ট উলামায়ে কেরামের বক্তব্য

বিভাগ/অধ্যায়ঃ (৮) ইয়েমেনের প্রখ্যাত মুহাদ্দিছ মুক্কবিল ইবনে হাদী আল-ওয়াদে স্ব রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: দা'ওয়াতের মহান উদ্দেশ্যে মুক্কীম অবস্থায় কাউকে 'আমীর' বানানোর ব্যাপারে আপনার মতামত কি?

উত্তর: মুক্কীম অবস্থায় মুসলিম খলীফা বা তাঁর নিযুক্ত আমীর ও গভর্ণর ছাড়া অন্য কাউকে আমীর বানানো প্রমাণিত নয়। কিন্তু বর্তমানে গুরুত্বপূর্ণ এ বিষয়টি নিয়ে খেলা শুরু হয়ে গেছে; ফলে তিন জনের একটি গ্রুপ থাকলে তাদেরও একজন 'আমীরুল মুমিনীন' সেজে বসে থাকছে। নিঃসন্দেহে এটি বিদ'আত, যা মুসলিম ঐক্যকে বিচ্ছিন্ন করে ফেলেছে।([1])

## ফুটনোট

([1]) প্রাগুক্ত, পৃ: ৫২৯-৫৩২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5305

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন